



তথ্যবিবরণী

নম্বর-০৭৩

স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টার নওগাঁ ও রাজশাহী জেলা সফর

রাজশাহী; ০১ কার্তিক (১৭ অক্টোবর):

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অন্তর্বর্তীকালীন সরকারের স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অবঃ) আগামী ১৯ ও ২০ অক্টোবর ২ দিনের সরকারি সফরে নওগাঁ ও রাজশাহী আসবেন।

১৯ অক্টোবর তিনি বেলা ১১:১০ টায় হেলিকপ্টার যোগে ঢাকা থেকে বিজিবি নওগাঁ হেলিপ্যাডে পৌঁছবেন এবং পত্নীতলা ১৪ বিজিবি ও বিআইআরসি পরিদর্শন করবেন। বেলা ১১:৫০ টায় পত্নীতলা ব্যাটেলিয়ান হতে হেলিকপ্টার যোগে বিআইআরসি'র উদ্দেশ্যে যাত্রা করে বেলা ১২:১০ টায় বিআইআরসি পৌঁছবেন। এরপর বেলা ১২:১০ টায় বিআইআরসি হতে সড়কপথে রওনা হয়ে রাজশাহী সেক্টর সদর দপ্তরে পৌঁছবেন এবং পরিদর্শন শেষে বেলা ২:০০ টায় রাজশাহী র‍্যাব-৫ কার্যালয়ের উদ্দেশ্যে যাত্রা করবেন ও র‍্যাব-৫ পরিদর্শন শেষে বেলা ৩:০০ টায় বরেন্দ্র প্রজেক্ট এর উদ্দেশ্যে যাত্রা করবেন ও বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের কার্যক্রম পরিদর্শন শেষে সড়কপথে রওনা হয়ে বিকাল ৪:০০ টায় সারদা পুলিশ একাডেমিতে উপস্থিত ও রাত্রিয়াপন করবেন।

২০ অক্টোবর উপদেষ্টা সারদা বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৪০ তম বিসিএস (পুলিশ) ব্যাচের সমাপনী প্যারেড অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এদিন উপদেষ্টা বেলা ৪:২০ টায় বাংলাদেশ পুলিশ একাডেমী সারদা হতে হেলিকপ্টার যোগে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করবেন।

.....
তৌহিদ/আতিক/হালিম/১৬:৩০ঘ.